

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৫৭.২০১৪-

তারিখঃ ----- খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ জালাল উদ্দিন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কলাপাড়া, পটুয়াখালী (পূর্ববর্তী কর্মস্থল-আমলতী, বরগুনা)-এর বিরুদ্ধে রঞ্জুকৃত বিভাগীয় মামলায় অত্র দপ্তরের ২৩-১০-২০১২ খ্রিঃ তারিখের যুউঅ/প্রঃ/শৃঙ্খলা/ অভিযোগ-০৪/২০১২-১০৮৯ সংখ্যক আদেশে সরকারী কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) মোতাবেক ০৩(তিন)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০৩(তিন) বছরের জন্য স্থগিত করা হয় এবং শাস্তির মেয়াদ শেষে ভবিষ্যতে তিনি এ স্থগিতকৃত বার্ষিক বেতন বৃদ্ধি এর বকেয়া প্রাপ্য হবেন না মর্মে শাস্তির আদেশে উল্লেখ করা হয়। তিনি শাস্তির আদেশের বিরুদ্ধে আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল করলে তা প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গত ২০-০১-২০১৩ খ্রিঃ তারিখে নামঞ্জুর করা হয়।

যেহেতু, তিনি উক্ত শাস্তির আদেশের বিপক্ষে প্রশাসনিক ট্রাইবুন্যাল-১, ঢাকায় এটি মোকদ্দমা ১৭/২০১৩ দায়ের করেন। উভয়পক্ষে শুনানী অন্তে গত ১০-০২-২০১৪ খ্রিঃ তারিখে এটি মোকদ্দমাটি দোতরফা সূত্রে বিনা খরচায় নামঞ্জুর করা হয়। অতঃপর তিনি নামঞ্জুর আদেশের বিপক্ষে প্রশাসনিক আপীল ট্রাইবুন্যাল, ঢাকায় এ, এটি মোকদ্দমা ১২৪/২০১৪ দায়ের করেন। উভয় পক্ষে শুনানী অন্তে প্রশাসনিক আপীল ট্রাইবুন্যাল যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক জারীকৃত ২৩-১০-২০১২ খ্রিঃ তারিখের যুউঅ/প্রঃ/শৃঙ্খলা/ অভিযোগ-০৪/২০১২-১০৮৯ সংখ্যক আদেশে প্রদত্ত ০৩(তিন)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০৩(তিন) বছরের জন্য স্থগিতকরণের শাস্তি পরিবর্তন করে ০১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০৩(তিন) বছরের জন্য স্থগিতের আদেশ প্রদান করেন এবং বাকি ০২(দুই)টি বার্ষিক বেতন বৃদ্ধি এবং তৎসহ বকেয়া ভাতা প্রদানের নির্দেশ করেন”।

বর্ণিত অবস্থায়, প্রশাসনিক আপীল ট্রাইবুন্যাল এর রায় মোতাবেক যুব উন্নয়ন অধিদপ্তরের ২৩-১০-২০১২ খ্রিঃ তারিখের যুউঅ/প্রঃ/শৃঙ্খলা/ অভিযোগ-০৪/২০১২-১০৮৯ সংখ্যক আদেশটি পরিবর্তনপূর্বক উল্লিখিত কর্মকর্তার ০৩(তিন)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০৩(তিন) বছরের জন্য স্থগিতের পরিবর্তে ০১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০৩(তিন) বছরের জন্য স্থগিতের আদেশ প্রদান করা হল। বাকি ০২(দুই)টি বার্ষিক বেতন বৃদ্ধি এবং তৎসহ বকেয়া ভাতাদি তিনি যথারীতি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন : ৯৫৫৯৩৮৯

তারিখঃ ২৩/১০/১৪

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৫৭.২০১৪- ৩৯৬

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক(ন্যাশনাল সার্ভিস কর্মসূচি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইবুন্যাল, ঢাকা।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বরগুনা/পটুয়াখালী(বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করতে অনুরোধ করা হলো)।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন/আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণ এবং ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, দুমকী/কলাপাড়া, পটুয়াখালী/বেতাগী, বরগুনা।
- ০৬। জনাব মোঃ জালাল উদ্দিন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কলাপাড়া, পটুয়াখালী।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)

সহকারী পরিচালক(শৃঙ্খলা)

ফোন : ৯৫৫১৮৫৯